



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং : ১৪/২০২৩

তারিখ : ০৫ বৈশাখ, ১৪৩০
১৮ এপ্রিল, ২০২৩

**দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ-এ নিয়োগের উদ্দেশ্যে আবেদনকারী
প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড করা প্রসঙ্গে।**

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ-এর ৯ম-২০তম গ্রেডের ১৭ ক্যাটাগরির পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ১১/০১/২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২/২০২৩ এর সূত্রে জানানো যাচ্ছে যে, উক্ত ১৭ ক্যাটাগরির পদের মধ্যে ১৬তম ও ২০তম গ্রেডভুক্ত 'ভল্ট সহকারী (পুরুষ), প্রোডাকশন চেকার/ইন্টারনাল চেকার (পুরুষ), সহকারী, নিরাপত্তা সহকারী (পুরুষ), পরীক্ষক, গাড়ী চালক (পুরুষ), ফর্ক লিফট অপারেটর (পুরুষ), পাঁচক (পুরুষ), নিরাপত্তা প্রহরী (পুরুষ) এবং খাদেম (পুরুষ)' সহ মোট ১০ ক্যাটাগরির পদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণেছু প্রার্থীদেরকে আগামী ০৭/০৫/২০২৩ তারিখ হতে ০৭/০৬/২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েবসাইটে হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। নির্ধারিত তারিখের পরে প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবে না।

০৪। পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে, এসপিসিবিএলের ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ সিরাজুল ইসলাম)

পরিচালক (এইচআরডি-১)